

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১০৩.২৩.৬৯

২২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: “টেক্সটাইল স্পিনিং” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ৮৮০, তারিখঃ ০২/০৮/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, সোছেং টেক্সটাইল কোং লিমিটেড; অফিস ও কারখানাঃ ২৪২/২, বসুরা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাছা, গাজীপুর কারখানাটি “টেক্সটাইল স্পিনিং” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা-পরি:/স্পিনিং-০০০০০৬৯১-২০২২, তারিখ: ৩১/০৭/২০২২ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- SC2301, তারিখ- 20-07-2023 খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- RWYOE23070142CGP, তারিখ-27-07-2023 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- 3,450.০০ মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ ২৪২/২, বসুরা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাছা, গাজীপুর এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানাঃ ২৪২/২, বসুরা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাছা, গাজীপুর এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।

০৬-০৮-২০২৩
মোঃ নিজাম উদ্দিন
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ১১১-১১৩ মতিঝিল, বা/এ ঢাকা।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১০৩.২৩.৬৯/১
(৫)

২২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম;

- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, সোছেং টেক্সটাইল কোং লিমিটেড; অফিস ও কারখানাঃ ২৪২/২, বসুরা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাছা, গাজীপুর;
- ৪। এসিস্টেন্ট মেনেজিং ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বঙ্গ অধিদপ্তর এবং
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বঙ্গ অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, appearing to be 'M. Hossain', located on the right side of the page.

০৬-০৮-২০২৩
মোঃ দেলোয়ার হোসেন
সহকারী পরিচালক